



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯


নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-২২৩৬

তারিখঃ ১৭/০২/২০১৫ খ্রিঃ।

অফিস আদেশ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) প্রকল্পভুক্ত জেলা/উপজেলাসমূহে কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ/পদায়ন/বদলী আদেশ জারী হওয়ার পর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর যোগদানপত্র গ্রহণপূর্বক যোগদান পত্রের ছায়ািলিপি এবং অন্যান্য কাগজপত্রের সত্যায়িত কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণের নিয়ম থাকলেও কিছু কিছু দপ্তরে উক্ত নিয়ম প্রতিপালন করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। তাছাড়া প্রকল্পের জেলা/উপজেলা দপ্তরে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথি থাকতে হবে এবং ব্যক্তিগত নথিতে যোগদানপত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের জেলা/উপজেলা দপ্তরসমূহে নিয়োগ/পদায়ন/বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে যোগদানপত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ এবং যোগদান পত্রের ছায়ািলিপিসহ আনুষঙ্গিক কাগজপত্রের ফটোকপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের পুনঃ নির্দেশনা প্রদান করা হলো।


(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপ পরিচালক, বিআরডিবি, জেলা :
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা :....., জেলাঃ
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা :....., জেলাঃ
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সংশ্লিষ্ট নথি।